যুগান্তর

তারিখ 7 APR 2012
পৃষ্ঠা ৫ কলাম ৫

# বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ চলবে উপজেলায়ও

বাংলাদেশে বিজ্ঞানের প্রতি শিক্ষার্থীর ও অভিভাবকদের আগ্রহ বাড়াতে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ কার্যক্রমকে পর্যায়ক্রমে উপজেলা পর্যায় পর্যন্ত বিস্তৃত করার সিদ্ধান্ত নিয়েছে বিজ্ঞান এবং প্রযুক্তি উন্নয়ন ট্রাস্টি বোর্ড।

দেশের বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের লক্ষ্যে যুগপৎ পদক্ষেপ গ্রহণের অভিপ্রায়ে সম্প্রতি ট্রাস্টের প্রথম সভায় এ সিদ্ধান্ত নেয়া হয় বলে জানা গেছে। একই সঙ্গে এশিয়া এবং সার্কভুক্ত দেশগুলোর তরুণ বিজ্ঞানীদের জন্য নিয়মিত সম্মেলন আয়োজনে সহায়তা প্রদানসহ দেশীয় বিজ্ঞানসেবী সংস্থাকে আর্থিক সহায়তা প্রদান করতে নবগঠিত এ ট্রাস্ট নিরপেক্ষভাবে কাজ করবে। বিজ্ঞান শিক্ষাকে জোরদার করার জন্য, শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞান শিক্ষা কার্যক্রম, বিজ্ঞান শিক্ষকদের মান উন্নয়নের জন্য প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি বিজ্ঞান মেলা, বিজ্ঞান অলিম্পিয়াড, শিক্ষার্থীদের উদ্ভাবনী প্রকল্প উন্নয়নের মতো অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষাকে জনপ্রিয় করার জন্য নবগঠিত এ ট্রাস্ট কীভাবে কাজ করবে সে বিষয়েও আলোচনা করা হয়। একই সঙ্গে সরকারের টিচিং কোয়ালিটি ইমপ্রুভমেন্ট প্রকল্প এবং বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন পরিচালিত দুইটি পৃথক গবেষণায় চিহ্নিত বিজ্ঞান শিক্ষার অনাগ্রহের কারণগুলো দূর করতে খুব শিগগিরই প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়ে বৈঠকে ফলপ্রসূ আলোচনা হয়। সূত্র মতে বিভিন্ন শিক্ষাবোর্ডের মাধ্যমে সংগৃহীত বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ফির মাধ্যমে সংগৃহীত অর্থ এবং সরকারি ও বেসরকারি অনুদানের মাধ্যমে প্রাপ্ত অর্থ দ্বারা গঠিত তহবিল থেকে এ ট্রাস্ট কার্যক্রমের খরচ মেটানো হবে।

ট্রাস্টের সভাপতি এবং সরকারের বিজ্ঞান এবং প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমানের সভাপতিত্বে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এ বৈঠকে বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব আবদুর রব হাওলাদার, বাংলাদেশ বিজ্ঞান একাডেমির সচিব ড. নঈম চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সুলতানা শফিসহ ট্রাস্টের অন্য সদস্যরা অংশগ্রহণ করেন। উল্লেখ্য, ১৫ ফেব্রুয়ারি সরকার বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ট্রাস্ট আইন ২০১১ কার্যকর করার পর এ ট্রাস্ট গঠন করা হয়।

—মিতুক সরকার